

**জ্ঞানমূলকঃ**

১. বঙ্গবাণী কবিতাটি কোন শতকে রচিত?
২. বঙ্গবাণী কবিতাটির উৎস কী?
৩. প্রত্যেক মানুষই কোন ভাষায় স্রষ্টাকে ডাকে?
৪. ‘ভাগ’ শব্দের অর্থ কী?
৫. আব্দুল হাকিম কোন যুগের কবি?
৬. হিন্দুর অক্ষর হিংসা করে কারা?
৭. কবি আব্দুল হাকিমের গ্রামের নাম কী?
৮. দেশী ভাষায় কাব্য রচনা করার পেছনে যুক্তি কী?
৯. বঙ্গবাণী কবিতার মূল কথা কী?
১০. ‘যেই দেশে সেই বাক্য’ বলতে কী বোঝানো হয়েছে?
১১. ‘সংস্কৃত ভাষা’ নিয়ে হিংসা করে কারা?
১২. ‘বঙ্গবাণী’ বলতে কী বোঝানো হয়েছে?
১৩. ‘বঙ্গবাণী’ কবিতায় নিরঞ্জন বলতে কবি কী বুঝিয়েছেন?
১৪. কোন ভাষার উপদেশ হিতকর?
১৫. কবি আব্দুল হাকিমকে কারা বাংলা ভাষায় বাক্য রচনার জন্য অনুরোধ করেন?
১৬. ‘বঙ্গবাণী’ কবিতাটি কোন গ্রন্থ থেকে সংকলিত?

**অনুধাবনমূলকঃ**

১. বাংলা ভাষার অবজ্ঞাকারীদের প্রতি কবির মনোভাব ব্যাখ্যা কর।
২. কবি মাতৃভাষায় কাব্য রচনা করতে বলেছেন কেন?
৩. হিন্দুর অক্ষর বলতে কবি ‘বঙ্গবাণী’ কবিতায় কী বুঝিয়েছেন?
৪. আরবি, ফারসি ভাষা প্রসঙ্গে কবির অভিমত কী?

**সূজনশীলঃ**

১. “পরের মুখে শেখা বুলি পাখির মতো কেন বলিস?  
পরের ভঙ্গি নকল করে নটের মতো কেন চলিস?  
তোর নিজস্ব সর্বাঙ্গে তোর দিলেন ধাতা আপন হাতে  
মুছে সেটুকু বাজে হলি, গৌরব কি বাঢ়ল তাতে?  
আপনারে যে ভেঙে চুড়ে গড়তে চায় পরের ছাঁচে  
অলীক, ফাঁকি, মেকি সেজন, নামটা তার কদিন বাঁচে?”  
ক) মধ্যযুগের অন্যতম প্রধান কবি কে ছিলেন? ১  
খ) যদি বা লিখয়ে আল্লাহ নবীর ছিঁফত’- উক্তিটি ব্যাখ্যা কর। ২  
গ) উদ্দীপকে যে ব্যক্তিসন্তানের পরিচয় পাওয়া যায়, সে সম্পর্কে ‘বঙ্গবাণী’ কবিতার কবি কী মনোভাব পোষণ করেছেন? তোমার অভিমত দাও। ৩  
ঘ) “উদ্দীপকটি ‘বঙ্গবাণী’ কবিতার মর্মবাণীকেই যেন ধারণ করে আছে”- তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪